দৈনিক সংবাদ

তারিখ ... DEC. 0 7 1999 ...
পৃষ্ঠা ৭ কলাম ৪

১৫

# নবীনগরে মাদ্রাসার অধ্যক্ষ বরখাস্ত

**ব্রাহ্মণবাড়িয়া থেকে নিজস্ব সংবাদদাতা ঃ** বেআইনি কার্যক্রমের অভিযোগে নবীনগর থানার লাউর ফতেপুর তুজুমিয়া ইসলামিয়া মাদ্রাসার অধ্যক্ষ আবদুস সাত্তার খানকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে।

সম্প্রতি মাদ্রাসা পরিচালনা কমিটির সভায় শিক্ষামন্ত্রণালয় ও বাংলাদেশ শিক্ষা বোর্ডের নির্দেশের পরিপ্রেক্ষিতে তাকে (অধ্যক্ষ সাত্তার খান) সাময়িকভাবে বরখাস্ত করা হয়। জানা গেছে, মন্ত্রণালয় ও মাদ্রাসা বোর্ডের পূর্বানুমতি ব্যতিরেকে ফতেপুর ইসলামিয়া সিনিয়র মাদ্রাসায় দাখিল বিজ্ঞান বিভাগে ১৫০ জন ছাত্রছাত্রীকে বেআইনিভাবে ভর্তি করেন এবং পরীক্ষায় অংশগ্রহণ করান। এ অবৈধ ও বেআইনি কর্মকাণ্ডের জন্য শিল্প মন্ত্রণালয় ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড উক্ত মাদ্রাসার অধ্যক্ষ আবদুস সাত্তার খানকে সাসপেণ্ড করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করলে মাদ্রাসা পরিচালনা পরিষদের সভায় তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়।